

সেশনজটমুক্ত বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো মানসম্মত শিক্ষা দিচ্ছে

রাষ্ট্রপতি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

রাষ্ট্রপতি অধ্যাপক একিউএম বদরুদ্দোজা চৌধুরী বলেছেন, 'জানের সুব শাখার মান নিশ্চিতকরণের ওপর জাতীয় উন্নতি ও অগ্রগতি নির্ভর করে। মানবিক ওণাবলীর বিকাশ ছাড়া শিক্ষা পূর্ণ হয় না।' তিনি গতকাল দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে একথা বলেন। জাতীয় জাদুঘর মিলনায়তনে অনুষ্ঠিত অনুষ্ঠানে সমাবর্তন বক্তৃতা করেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা বিচারপতি লতিফুর রহমান। অন্যদের মধ্যে বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক, উপাচার্য এমএ হামিদ, দারুল শিক্ষা : পৃষ্ঠা : ১৫ কলাম : ১

শিক্ষা : মানসম্মত

(শেষ পৃষ্ঠার পর)

ইহসান ট্রাস্টের সভাপতি ড. আবদুল্লাহ ওমর নাসিফ ও সহ-সভাপতি ড. নাইমুর রহমান। সভাপতির ভাষণে রাষ্ট্রপতি বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো ছাত্র রাজনীতি এবং সেশনজট মুক্ত থাকার কারণে অনেক বিশ্ববিদ্যালয়ের তুলনায় মানসম্মত শিক্ষা দিচ্ছে। ছাত্রছাত্রীদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। কিন্তু এসব বিশ্ববিদ্যালয়ের বেতনভাতা অনেক বেশি, অবকাঠামোগত সুযোগ-সুবিধা অপূর্ণ এবং বাজার চাহিদাসম্পন্ন সীমিত সংখ্যক বিষয়ে শিক্ষা দেয়া হয়। এসব ক্ষেত্রে সুযোগ-সুবিধা বৃদ্ধির পাশাপাশি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে গবেষণা কর্মকাণ্ড বাড়াতে হবে। বিচারপতি লতিফুর রহমান রাজনৈতিক নেতৃত্বের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে বলেন, এ মুহূর্তে রাজনৈতিক নেতৃত্বকে গণতন্ত্রকে কাজে লাগিয়ে জনগণ ও দেশের কল্যাণে অগ্রণী ভূমিকায় অবতীর্ণ হতে হবে। প্রধান উপদেষ্টার পদ থেকে অব্যাহতি নেয়ার পর গতকালই তিনি প্রথম জনসমক্ষে বক্তৃতা করেন।

সমাবর্তনে ১৯৯৭ থেকে এ পর্যন্ত পাস করা ৬০১ জন ছাত্রছাত্রীর মধ্যে ১৯৮ জনকে ডিগ্রি প্রদান করা হয়। এদের মধ্যে ৯৮ জন এমএ, এমএড এবং এমবিএ ডিগ্রিধারী এবং ১০০ জন বিএ (সম্মান), বিএড ও বিবিএ ডিগ্রিধারী। বিশেষ কৃতিত্বের অধিকারী তিনজনকে স্মরণপদক দেয়া হয়েছে। এরা হলেন- এমএ হাফিজ, কানিজ ফাতেমা এবং ইব্রাহিম বিন হেলাল।

'সাংস্কৃতিক ঐতিহ্য ও মূল্যবোধ তুলে ধরে দেশের ভাবমূর্ত্তি সমৃদ্ধ রাখুন'

রাষ্ট্রপতি অধ্যাপক একিউএম বদরুদ্দোজা চৌধুরী বাংলার জনগণের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য ও মূল্যবোধকে তুলে ধরে দেশ বিদেশে বাংলাদেশের সত্যিকারের ভাবমূর্ত্তি সমৃদ্ধ রাখার আহ্বান জানিয়েছেন। গতকাল বুধবার রাজধানীর অদূরে সোনারগাঁয়ে ২১ দিনব্যাপী ঐতিহ্যবাহী লোক শিল্প ও কারু মেলায় সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণদানকালে রাষ্ট্রপতি এ আহ্বান জানান।